



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ৬২/ইংলিশ/ ২৫৬৪

তারিখ : ২৫/৩/২০

রেজিস্ট্রেশন আর্টিফিকেট

প্রত্যয়ন করা যাচ্ছে যে, **Lakehead Grammar School**, ঠিকানা- বাড়ী নং- ৫৯, রোড নং- ৬/এ, ধানমন্ডি, ঢাকা- ১২০৯, “রেজিস্ট্রেশন অব প্রাইভেট স্কুল’স অর্ডিন্যান্স, ১৯৬২ (Ordinance No. xx of 1962) প্রদত্ত ক্ষমতাবলে প্রনীত বেসরকারি (ইংরেজি মাধ্যম) বিদ্যালয় নিবন্ধন বিধিমালা ২০০৭ (এস.আর.ও. নং- ২৫৯-আইন/২০০৭)-এর ৪(৪)নং বিধান অনুযায়ী বিদ্যালয়টিকে নিবন্ধন প্রদান করা হলো। বিধিমালায় উল্লেখিত শর্তসমূহ ছাড়াও নিম্নবর্ণিত শর্তসমূহ পালন করতে হবে।

শর্তসমূহ :

- ১। বিদ্যালয়ের ০১/০১/২০১১ হতে ৩১/১২/২০১৫ তারিখ পর্যন্ত ৫ (পাঁচ) বছরের জন্য নিবন্ধন প্রদান করা হলো।
- ২। বিদ্যালয়টি ‘ও’ এবং ‘এ’ লেভেল পর্যন্ত পাঠদান করতে পারবে।
- ৩। বিদ্যালয়ের সংরক্ষিত তহবিলে ৩,০০,০০০/- (তিন লক্ষ মাত্র) এবং সাধারণ তহবিলে ১,০০,০০০/- (এক লক্ষ মাত্র) টাকা জমা রাখতে হবে। সংরক্ষিত তহবিলের টাকা স্থায়ী আমানত/সঞ্চয়পত্র হিসাবে জমা করতে হবে। রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত সংরক্ষিত তহবিলের টাকা ভাঙ্গানো বা উত্তোলন করা যাবে না।
- ৪। বিদ্যালয়ে শিক্ষক ও কর্মচারী নিয়োগের ক্ষেত্রে দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি দিতে হবে এবং শিক্ষক ও কর্মচারী নিয়োগের উদ্দেশ্যে প্রার্থী নির্বাচনের জন্য গঠিত বোর্ডে রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের একজন প্রতিনিধি থাকবে।
- ৫। বিদ্যালয় শাখা/কলেজ শাখা/অডিট শাখা কর্তৃক বার্ষিক অডিট করাতে হবে।
- ৬। প্রতি আর্থিক বছরে আয়-ব্যয়ের হিসাব দাখিল করতে হবে।
- ৭। বেসরকারী (ইংরেজী মাধ্যম) বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০০৭ এর ৭নং বিধি মোতাবেক বিদ্যালয়ের জন্য ম্যানেজিং কমিটি গঠন পূর্বক বোর্ড থেকে অনুমোদন নিতে হবে।
- ৮। ভাড়া বাড়ীতে বিদ্যালয় প্রতিষ্ঠা করলে কমপক্ষে ৫ বছরের জন্য ভাড়ার চুক্তিনামা থাকতে হবে।
- ৯। প্রতি ৫ বছর অন্তর ৮,০০০/- (আট হাজার) টাকা দিয়ে রেজিস্ট্রেশন নবায়ন করতে হবে।
- ১০। ২০০৭ সালের ১৯শে নভেম্বর জারীকৃত অধ্যাদেশের ধারা ৪-এর উপধারা (৪) এর অধীনে কোন বেসরকারী স্কুলের রেজিস্ট্রেশনের আবেদন প্রত্যাখ্যাত হলে অথবা অধ্যাদেশের ধারা ৬-এর অধীন রেজিস্ট্রেশন সার্টিফিকেট বা স্থগিত করা হলে উক্ত স্কুলের রেজিস্ট্রেশনের জন্য পুনরায় আবেদন করা যাবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

প্রাপক : অধ্যক্ষ

Lakehead Grammar School,
House # 59, Road # 6/A,
Dhanmondi, Dhaka- 1209.

স্বাঃ

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা।

মেমো নং- ২৫৬৪ (৫)

তারিখ : ২৫/৩/২০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। পরিচালক/প্রতিষ্ঠাতা, **Lakehead Grammar School**.
- ৪। পিএস- টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। অফিস কপি।

১৫.০৩.১১
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

১৫.৩.১১